



ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

নম্বর ২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২০.১৩১১

তারিখ ১১ ফাল্গুন ১৪২৬

২৪ ফেব্রুয়ারি ২০২০

আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার মেকানিক কাম সুপারভাইজার এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার টেস্টার পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

পদের নামঃ মিটার মেকানিক কাম সুপারভাইজার।

০১। প্রার্থীর যোগ্যতাঃ

| | |
|-----|--|
| (ক) | Minimum 07 (Seven) years working experience as Meter-Tester in a PBS ; |
| (খ) | Ability and willingness to learn improved techniques of job performance; |
| (গ) | Comprehensive working knowledge and technical know how for repair and maintenance of energy meters; |
| (ঘ) | Computer literacy is a must; |
| (ঙ) | মিটার টেস্টার পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। |
| (চ) | পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

০২। শর্তাবলীঃ

আবেদনকারীগণকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, নিয়মিত করনের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও চাকুরীকাল ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজারের সুপারিশপূর্বক আবেদনপত্র সহ আগামী ০৪/০৩/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় মিটার মেকানিক কাম সুপারভাইজার পদে আবেদনকৃত প্রার্থীদের ফেনী পবিসে এর সদর দপ্তর, মহিপাল, ফেনীতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র/দলিলাদি এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ

| | |
|-----|---|
| (ক) | সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি। |
| (খ) | বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি। |
| (গ) | শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি। |
| (ঘ) | ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি। |

| | |
|-----|--|
| (ঙ) | চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদানপত্র, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি। |
| (চ) | সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থীর বিগত ০৩ বৎসরে মধ্যে কোন গুরুদন্ড এবং বিগত ০১ বৎসরের মধ্যে কোন লঘু দন্ডে দন্ডিত হন নি, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হন নি, বিগত ০৪ (চার) বছরের ভিতর এক বার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হন নি, বিগত ০৩ (তিন) বছরের ভিতর, একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হননি এই মর্মে প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
| (ছ) | ইতি পূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। |
| (জ) | পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (ফেনী সদর, ফুলগাজী, ছাগলনাইয়া, সোনাগাজী, দাগনভূঞা ও পরশুরাম উপজেলা) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
| (ঝ) | নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে। |
| (ঞ) | চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে। |
| (ট) | কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। |
| (ঠ) | অত্র সমিতির সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই। |
| (ড) | প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| (ঢ) | যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। |
| (ন) | শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। |



১৪-২-২০২০

মোঃ আখতার হোসেন

জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)

ফোন: ০১৭৬৯৪০০০২৯

ইমেইল: fenipbs84@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস/১/২/৩/৪।
- ৪) ডিজিএম, ছাগলনাইয়া জোনাল অফিস, ফেনী পবিস।
- ৫) ডিজিএম, সোনাগাজী জোনাল অফিস, ফেনী পবিস।
- ৬) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

- ৭) ডিজিএম, দাগনভূঞা জোনাল অফিস, ফেনী পবিস।
- ৮) ডিজিএম, পরশুরাম জোনাল অফিস, ফেনী পবিস।
- ৯) ডিজিএম, ফুলগাজী জোনাল অফিস, ফেনী পবিস।
- ১০) এজিএম(ওএন্ডএম), রাজাপুর সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
- ১১) এজিএম(ওএন্ডএম), কসকা সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
- ১২) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৩) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৪) এজিএম (অর্থ-রাজস্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৫) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৬) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৭) এজিএম (পিএন্ডএম), পিএন্ডএম বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৮) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৯) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), আইটি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ২০) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), আইটি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ২১) নোটিশ বোর্ড,, ফেনী পবিস।